**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/27/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# ক্যালিফোর্নিয়া এবং অরেগনের দাবানলের সাথে লড়াই করে বাড়ি ফিরে আসা নিউ ইয়র্ক স্টেট দমকলকর্মীদের গভর্নর হোকল স্বাগত জানিয়েছেন

***এই অগ্নি নির্বাপণ মৌসুমে, 47 জন নিউ ইয়র্কবাসী সাতটি অগ্নিকাণ্ড দমনে চারটি স্টেটে গমন করেন***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের দাবানল নির্বাপণ দমকলকর্মীদের শেষ চারজনকে বাড়ি ফিরে আসায় স্বাগত জানিয়েছেন যারা সবাই ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এর ফরেস্ট রেঞ্জার, যারা ক্যালিফোর্নিয়া এবং অরেগনের দাবানলের সাথে লড়াইয়ের একটি দুই সপ্তাহের অ্যাসাইনমেন্ট সম্পন্ন করে ফিরে এসেছেন। এই দমকলকর্মীদের মিশন এমন একটি অগ্নি নির্বাপণ মৌসুমের ইতি টানল যাতে নিউ ইয়র্কের দমকলকর্মীরা চারটি স্টেটে সাতটি দাবানলের বিরুদ্ধে লড়াই করে যা প্রায় 1.7 মিলিয়ন একর জমি পুড়িয়ে দিয়েছে।

"জলবায়ু পরিবর্তন ধ্বংসাত্মক দাবানলের গ্রীষ্ম দেকে এনেছে যা সাড়া দেশ জুড়ে আমাদের সম্প্রদায়গুলিকে গ্রাস করছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের সাহসী দাবানল নির্বাপণ কর্মীরা সবসময় জানমালের সুরক্ষায় সাহায্য করতে প্রস্তুত, তা পরিস্থিতি যত বিপজ্জনকই হোক না কেন, এবং আমি আপাত দৃষ্টিতে অজেয় পরিস্থিতিতেও তাদের প্রচেষ্টার জন্য অত্যন্ত কৃতজ্ঞ। যখন নিউ ইয়র্কের দলগুলি নিরাপদে বাড়ি ফিরে এসেছে, যারা এখনো দাবানলের সম্মুখ সারিতে লড়াই করছেন তাদের সবার জন্য আমরা সমর্থন এবং প্রার্থনা পাঠানো চালিয়ে যাচ্ছি।"

সাম্প্রতিক ফিরে আসা দমকলকর্মীরা DEC এর ফরেস্ট রেঞ্জার পদবীর। সাফোক কাউন্টির রেঞ্জার ব্রায়ান গ্যালাঘার একজন ফ্যাসিলিটি ইউনিট লিডার হিসাবে ক্যালিফোর্নিয়ার ডিক্সি অগ্নিকাণ্ডে কাজ করেন। ওয়ারেন কাউন্টির রেঞ্জার চার্লস কারেল ডিক্সি অগ্নিকাণ্ডে টাস্ক ফোর্স লিডার হিসাবে কাজ করেন। সারাটোগা কাউন্টির রেঞ্জার জোসেফ হেস ক্যালিফোর্নিয়ার উইন্ডি অগ্নিকাণ্ডে রিসিভিং ডিস্ট্রিবিউশন ম্যানেজার হিসাবে নিযুক্ত ছিলেন এবং চেনানগো কাউন্টির রেঞ্জার জেরেমি অল্‌ড্রয়েড অরেগনের রাফ প্যাচ কমপ্লেক্স অগ্নিকাণ্ডে টাস্ক ফোর্স লিডার হিসাবে নিযুক্ত ছিলেন।

এই বছর অন্যান্য স্টেটে অগ্নি নির্বাপণ কাজে সহায়তা করার জন্য গভর্নর হোকল মোট 47 জন বিশেষজ্ঞ দাবানল নির্বাপণ কর্মী মোতায়েন করেন। DEC এর ফরেস্ট রেঞ্জার পদবীর

দমকলকর্মীদের পাশাপাশি DEC-র বন সুরক্ষা, ভূমি ও বন, মাছ এবং বন্যপ্রাণী, অপারেশনস, উপকরণ ব্যবস্থাপনা, এবং পরিবেশগত প্রতিকার (DEC's Divisions of Land and Forests, Operations, Fish and Wildlife, Materials Management, and Remediation) বিভাগের বিশেষজ্ঞ দমকলকর্মীদের স্টেটের বাইরে অগ্নি নির্বাপণে মোতায়েন করা হয়। এই মাসের শুরুতে, গভর্নর ক্যালিফোর্নিয়ার কেএনপি কমপ্লেক্স অগ্নিকাণ্ডে মোতায়েন করা একটি দাবানল নির্বাপণ ক্রুয়ের ফিরে আসা উদযাপন করেন। গতমাসে, গভর্নর মিনেসোটার গ্রিনউড অগ্নিকাণ্ড থেকে বাড়ি ফিরে আসা দাবানল নির্বাপণ কর্মীদের ক্রুকে কে স্বাগত জানান, পাশাপাশি, ফরেস্ট রেঞ্জার রবি মেকাস, যিনি ক্যালিফোর্নিয়ার ডিক্সি আগুন দমনে সহায়তা করেন। আগস্টে ফরেস্ট রেঞ্জার মাইকেল বার্কহোল্ডার মন্টানার অল্ডার ক্রিক এবং ট্রেইল ক্রিক আগুনের সাথে লড়াই করে ফিরে আসেন। জুলাই মাসে রেঞ্জার টিমোথি কারপেন্টার অরেগনের বুটলেগ ফায়ারে মতায়েনের পর বাড়ি ফিরে আসেন।

**DEC কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "কখন, কোথায় তাদের মোতায়েন করা হবে তা না জেনেই, প্রতিবছর নিউ ইয়র্কের ডজন খানেক দাবানল নির্বাপণকর্মী অন্যান্য স্টেটে ধ্বংসাত্মক দাবানল নির্বাপণে এবং সম্প্রদায় সুরক্ষায় সহায়তার জন্য নাম লেখান। DEC এর ফরেস্ট রেঞ্জারগণ ইনসিডেন্ট কমান্ডে বিশেষজ্ঞ হিসাবে কাজ করেন, বিভিন্ন এজেন্সির প্রশিক্ষিত দাবানল নির্বাপণ কর্মী এবং স্বেচ্ছাসেবকদের পাশাপাশি যারা আগ্রাসী দাবানল নিয়ন্ত্রণে সাহায্যের ডাকে সাড়া দেয়। এই দমকলকর্মীদের তাদের সাহস এবং নিবেদনের জন্য আমি সাধুবাদ জানাই, বিশেষ করে এমন একটি অগ্নি নির্বাপণ মৌসুমে যখন জলবায়ু পরিবর্তনের কারণে তা এ বছর অনেক বেশি খারাপ ছিল।"

ক্যালিফোর্নিয়ার ডিক্সি অগ্নিকাণ্ড 13 জুলাই শুরু হয় এবং প্লুমাস জাতীয় উদ্যান (Plumas National Forest), ল্যাসেন জাতীয় উদ্যান (Lassen National Forest), ল্যাসেন ভলকানিক জাতীয় পার্ক (Lassen Volcanic National Park) এর 963,000 একরের বেশি বনভূমি জ্বালিয়ে দেয় এবং পাশাপাশি পাঁচটি ভিন্ন কাউন্টিতে ভূমি পুড়িয়ে দেয়। ক্যালিফোর্নিয়ার উইন্ডি অগ্নিকাণ্ড প্রথম 9 সেপ্টেম্বর শনাক্ত করা হয়, এবং বর্তমানে টুল রিভার ইন্ডিয়ান রিজার্ভেশন (Tule River Indian Reservation) এবং সেকুইওয়া জাতীয় উদ্যানে (Sequoia National Forest) 97,500 একরের বেশি এলাকাজুড়ে জ্বলছে। অরেগনের রাফ প্যাচ অগ্নিকাণ্ড 29 জুলাই শুরু হয়, 20টির বেশি বজ্রপাতের পর। এটি আম্পুকা জাতীয় উদ্যানে (Umpqua National Forest) 50,400 একরের বেশি ভূমিতে জ্বলছে। অরেগনের বুটলেগ অগ্নিকাণ্ড প্রায় 414,000 একর জমি পুড়িয়ে দিয়েছে। ক্যালিফোর্নিয়ার কেএনপি কমপ্লেক্স অগ্নিকাণ্ড 88,000 একরের বেশি জমি পুড়িয়ে দিয়েছে। মন্টানার অল্ডার ক্রিক অগ্নিকাণ্ড প্রায় 37,000 একর পুড়ে যাওয়া ভূমির জন্য দায়ী। মিনেসোটার গ্রিনউড অগ্নিকাণ্ড প্রায় 27,000 একর জমিতে অগ্নি নির্বাপণে দমকল কর্মীদের ব্যস্ত রাখে।

কর্মীদের সকল সদস্যের এবং ভ্রমণ খরচ হয় মার্কিন যুক্তরাষ্ট্র বন পরিষেবা (U.S. Forest Service) সরাসরি প্রদান করে অথবা স্টেট এবং ফেডারাল ভূমি এজেন্সিগুলোর মধ্যে পারস্পরিক সহায়তা চুক্তির ভিত্তিতে নিউইয়র্ক স্টেটের নিকট পরিশোধ করে।

1979 সালে, পশ্চিমাঞ্চলীয় স্টেটপগুলোর বড় বড় দাবানলে সহায়তার উদ্দেশ্যে নিউ ইয়র্ক প্রথম

অগ্নিনির্বাপক বাহিনী পাঠিয়েছিল। সেই সময় থেকে, প্রয়োজন অনুসারে প্রতি বছর গড়পড়তায়, দাবানল নিয়ে সাহায্য করার উদ্দেশ্যে কিছু কর্মী প্রেরণ করা হয়েছে। দাবানল নিয়ন্ত্রণ এবং ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়তা করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যেগুলো নিউইয়র্কের দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে এবং সকল ঝুঁকিপূর্ণ ঘটনা পরিচালনা করার জন্য কাজে লাগানো যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418